

জাঞ্জিবার প্রেসিডেন্টের সরকারি ভারত সফর

ভারতের সম্মানীয় উপরাষ্ট্রপতি শ্রী হামিদ আনসারির আমন্ত্রণে জাঞ্জিবারের প্রেসিডেন্ট মহামহিম ডঃ আলি মহম্মদ শেইন ০১-০৯ ফেব্রুয়ারি ২০১৪ ভারতে সরকারি সফর করবেন। মহামহিম ডঃ শেইন উচ্চস্তরীয় মন্ত্রী ও সরকারি অফিসারদের নিয়ে গঠিত এক প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন। দিল্লিতে সরকারি স্তরের প্রধান বৈঠক অনুষ্ঠিত হবে ০৩ ফেব্রুয়ারি। ঐদিন প্রতিনিধিদল স্তরের বৈঠক অনুষ্ঠিত হবে। মহামহিম ডঃ শেইন সম্মানীয় রাষ্ট্রপতিজী এবং কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রীদের সংগে দিল্লিতে মিলিত হবেন।

ভারতের আইটিইসি কর্মসূচীর অধীনে প্রশিক্ষণ পাওয়ার পরে জাঞ্জিবারের গ্রামীণ এলাকায় একশোটি পরিবারে গ্রামীণ মহিলারা সৌরোল্গঠন সম্মিলিত, স্থাপন করা এবং রক্ষণাবেক্ষণে র মাধ্যমে বিদ্যুত সরবরাহ করার দক্ষতা অর্জন করা য় অত্যন্ত মুগ্ধ মহামহিম ডঃ শেইন এবং তাঁর প্রতিনিধিদল তিলোনিয়ার বেয়ারফুট কলেজ পরিদর্শন করবেন। যাতে একই ধরনের প্রশিক্ষণ সুবিধা জাঞ্জিবারে প্রতিষ্ঠা করা যায়।

এই সফরকালে জাঞ্জিবার প্রেসিডেন্ট শিল্প ও বণিক মহলের শীর্ষ স্তরের কর্তাদের সংগে মিলিত হওয়ার জন্য হায়দ্রাবাদ, বাঙ্গালোর এবং মুম্বাইতে যাবেন। এছাড়া সেখানে বসবাসকারী তানজানিয়া সমাজের সংগেও মিলিত হবেন।

জাঞ্জিবার দ্বীপপুঞ্জে শতাব্দী প্রাচীনকাল থেকে বসবাসকারী ভারতীয় সমেত ভারত ও জাঞ্জিবারের মধ্যে ঐতিহাসিকভাবেই নিবিড় সম্পর্ক রয়েছে। তাঁর পূর্বসূরীর সফরের প্রায় এক দশক পরে জাঞ্জিবার প্রেসিডেন্টের আসন্ন সফর সংযুক্ত তানজানিয়া প্রজাতন্ত্রের সংগে ভারতের নিবিড় দ্বিপাক্ষিক সম্পর্কের কাঠামোর অধীনেই ভারত ও জাঞ্জিবারের মধ্যে উন্নয়নমূলক অংশীদারি আরো শকতিশালী করবে বলে আশা করা হচ্ছে।

নয়াদিল্লি

৩০ জানুয়ারি ২০১৪